যুগান্তর

২৬/১১/২০০৩

তারিখ ...
পৃঃ ৭ কলাম ৭

# লক্ষ্মীপুরের রায়পুরে প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত

আবুল কালাম আজাদ, *লক্ষ্মীপুর থেকে*

জেলার রায়পুর উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় শিক্ষক, একাডেমিক ভবন ও শিক্ষা উপকরণের অভাবে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। রায়পুর উপজেলায় ১২৪টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তন্মধ্যে ৮৪টি সরকারি, ১৪টি বেসরকারি রেজিস্টার্ড, ৪টি বেসরকারি নন-রেজিস্টার্ড, ১৫টি স্যাটেলাইট স্কুল, ৭টি স্বল্পব্যয়ী কমিউনিটি বিদ্যালয় এবং ৩টি প্রাইভেট প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিদ্যালয়গুলোতে ৭ জন প্রধান শিক্ষক ও ২৭ জন সহকারী শিক্ষকসহ ৩৪ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। উত্তর গাইয়ারচর প্রাথমিক বিদ্যালয় ও পূর্বচর রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২ জন শিক্ষকের পদ শূন্য থাকায় ছাত্রছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। চরমোহনা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পশ্চিম কেরোয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকটের কারণে ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়গুলোর কার্যক্রম তদারকির জন্য ৫ জন সহকারী শিক্ষা অফিসারের মধ্যে মাত্র দু'জন রয়েছেন। প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শনকালে দেখা গেছে, এক বেঞ্চে ৪ জনের জায়গায় ৮/১০ জন ছাত্রছাত্রী বসে ক্লাস করছে। রায়পুর মডেল বালিকা বিদ্যালয়, দেবীপুর রোকেয়া মেমোরিয়াল বিদ্যালয়, উত্তর-পূর্ব চরপাতা ও কেম্পেরহাট প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর অনুপাতে শিক্ষক, শ্রেণীকক্ষ ও আসবাবপত্রের অভাব প্রকট। রায়পুর উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবস্থাও শোচনীয়। হাতেগোনা ২/৩টি বিদ্যালয় ছাড়া সব বিদ্যালয়েই রয়েছে শ্রেণীকক্ষ ও আসবাবপত্রের অভাব। এছাড়া বিজ্ঞান ভবন, বিজ্ঞান শিক্ষক ও ক্রীড়া শিক্ষকের অভাব প্রকট। ২৫টি বিদ্যালয়ের মধ্যে ৪টিতে বিজ্ঞান ভবন রয়েছে।